# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)    ০৪ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

দক্ষিণ কাট্টলী ফইল্ল্যাতলী বাজার সড়কের সংস্কার কাজের উদ্বোধনকালে মেয়র

## নগরীর কোথাও কোন রাস্তা কাঁচা বা অর্ধ পাকা থাকবে না

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী পরিকল্পনা অনুয়ায়ী চট্টগ্রামের যোগাযোগ অবকাঠামো উন্নয়ন, এলইডি দ্বারা আলোকায়ন ব্যবস্থা, পরিবেশ উন্নয়ন ও পরিচ্ছন্ন নগরী গড়ার প্রত্যয় ব্যক্ত করে বলেন, নগরীর কোথাও কোন রাস্তা কাঁচা বা অর্ধ পাকা থাকবে না। বর্তমান নির্বাচিত পরিষদের মেয়াদকালে দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের জন্য যা-যা উন্নয়ন প্রয়োজন তা করা হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের উন্নয়নে খুবই আন্তরিক। নগরীর উন্নয়নে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে সরকার ২ হাজার ৫শত কোটি টাকা বরাদ্দ দিয়েছে। চসিকের এই প্রকল্পগুলো বাস্তবায়িত হলে নগরীর দৃশ্যই পাল্টে যাবে। তিনি আরো বলেন, ফইল্ল্যাতলী বাজারের মানুষ এই সড়কটির জন্য দীর্ঘদিন কষ্টভোগ করেছেন আজকে এই সড়কটির সংস্কার কাজের উদ্বোধনের মধ্যে দিয়ে এলাকাবাসির দীর্ঘদিনের কষ্ট লাঘব হবে। আজ রবিবার সকালে ফইল্ল্যতলী বাজার রোড উদ্বোধন কালে মেয়র একথা বলেন।

দক্ষিণ কাট্টলী ওয়ার্ড কাউন্সিলর অধ্যাপক মো. ইসমাইলের সভাপতিত্বে এতে আরো বক্তব্য রাখেন সংরক্ষিত কাউন্সিলর হুরে আরা বিউটি, আওয়ামী লীগ নেতা মো. এরশাদুল আমিন, অধ্যক্ষ আসলাম হোসেন, ওয়ার্ড আওয়ামীলীগ সাধারণ সম্পাদক আসলাম হোসেন সওদাগর, চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, নির্বাহী প্রকৌশলী মো. জসিম উদ্দিন, রাজনীতিক নোয়াব আলী, নুরুজ্জামান সান্টু প্রমূখ।

মেয়র আরো বলেন, যে সকল রাস্তার কাজ সম্পন্ন করা হবে সেখানে নতুন করে কর্তন করার অনুমতি দেয়া হবে না। তিনি চট্টগ্রাম ওয়াসা, বিটিসিএলসহ সেবা প্রকল্পসংস্থা সমুহকে চসিকের পূর্ব অনুমোদন ছাড়া রাস্তা খোড়াখুঁড়ির কাজ না করার আহ্বান জানান। এছাড়া অনুমোদন ছাড়া রাস্তা খোড়াখুঁড়ি করলে জরিমানাসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, ফইল্ল্যাতলী বাজার থেকে নয়া বাজার পর্যন্ত সড়কটি এলাকাবাসির প্রত্যাশা অনুযায়ী সংস্কার করা হয়েছে। ফইল্ল্যাতলী বাজারকে একটি অত্যাধুনিক কিচেন মার্কেটে রূপান্তর করে এলাকাবাসির চাহিদা পূরণ করা হয়েছে। মেয়র বলেন, উন্নয়ন করলেই শুধু হবেনা এর রক্ষনা-বেক্ষন করা সকলের নাগরিক দায়িত্ব। নিজ দায়িত্বে নগরীকে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। তিনি গৃহকর নিয়ে কিছু মহলের বিভ্রান্তিমুলক অপপ্রচারে কর্ণপাত না করার আহ্বান জানিয়ে বলেন, আমি নির্বাচনের সময় যে অঙ্গীকার করেছিলাম তা থেকে এখনো সরে আসিনি। তিনি বলেন, গরীব অসহায় নাগরিকের মধ্যে অসমর্থ ব্যক্তিদের উপর কর আরোপ করা হবেনা এবং ২০১৭ সালের কর মূল্যায়নের উপর যে সব করদাতা অযৌক্তিক হয়েছে বলে মনে করেন তাদেরকে পূর্বের বকেয়া গৃহকর পরিশোধ করে আপিল করার আহ্বান জানান। এবং নগরবাসীকে এক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলরগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন। আপিলে কোন করদাতা অসন্তুষ্ট হলে এ বিষয়ে সরাসরি মেয়রকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়।

জামায়াত বিএনপি'র নৈরাজ্যের বিরুদ্ধে গণবিক্ষোভ মিছিলে মেয়র

## জামায়াত বিএনপি অশুভ চক্রান্ত রুখতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, দেশনেত্রী শেখ হসিনার সরকারের উন্নয়ন অগ্রযাত্রাকে ব্যাহত করতে বিএনপি-জামামত চক্র আবারো দেশে নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, নৈরাজ্যেকারীদের প্রতিহত না করে আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা কর্মীরা ঘরে বসে থাকবে এমন ধারণা করলে তারা বোকার স্বর্গে বাস করছেন। মেয়র আওয়ামীলীগ নেতা কর্মীদের ঐক্যবদ্ধভাবে সকল যড়যন্ত্র মোকাবেলায় প্রস্তুত থাকার আহ্বান জানান। গতকাল শনিবার দেশব্যাপী জামায়াত-বিএনপি চক্রের নৈরাজ্যের প্রতিবাদে আগ্রবাদ এলাকায় মহানগর

আওয়ামী লীগের উদ্যোগে অনুষ্ঠিত এক গণবিক্ষোভ মিছিল পূর্ব সমাবেশে তিনি একথা বলেন। গণবিক্ষোভ মিছিলটি আগ্রাবাদ এক্সেস রোড হয়ে বাদামতলী, পাঠানটুলী চৌমুহনী প্রদীক্ষণ করে কদমতলী মোড়ে এসে সমাপ্ত হয়।
এমসয় উপস্থিত ছিলেন সংসদ সদস্য এম এ লতিফ এমপি, মাহাবুবুল হক মিয়া, কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, আবদুল বারেক, জিয়াউল হক সুমন, গোলাম মোহাম্মদ চৌধুরী, আবদুল মান্নান, শেখ জাফরুল হায়দার চৌধুরী, গোলাম মো. জোবায়ের, মো. আতাউল্লা, যুবলীগ সভাপতি দেবাশীষ নাথ দেবু, সাইফুল ইসলাম চৌধুরী, আজিজ মোল্লা, সালাউদ্দিন ইবনে আহমেদ, মো. আসলাম, আলী আকবর, আবদুল মতিন মাষ্টার, ফারুক মোল্লা, ইমাম হোসেন, নাদিমুল ইসলাম ফটিক, শাহীন সরোয়ার, শফিউর রহমান টিপু, সালাউদ্দিন বাবর, জাহেদ হোসেন খোকন, লুৎফুল আহসান শাহ, মো. আরিফ প্রমুখ।
সংসদ সদস্য এম এ লতিফ এমপি বলেন, গণতান্ত্রের কথা বলে নৈরাজ্য ধ্বংসলীলা চালিয়ে বিএনপি-জামাতচক্র দেশেকে অস্থিতিশীল করার চক্রান্তে লিপ্ত। তিনি মুক্তিযুদ্ধের স্বপক্ষের শক্তিকে ঐক্যবদ্ধ হয়ে নৈরাজ্যকারীদের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানান।

## চসিকের ভ্রাম্যমান আদালত বিভিন্ন অপরাধে
## ৭ ব্যক্তিকে ৫৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত ফইল্ল্যাতলী সড়ক ও নয়াবাজার হতে বড়পোল পর্যন্ত পোর্ট কানেক্টিং রোডের উভয় পার্শ্বের ফুটপাত নালা ও রাস্তার অংশ দখল করে দোকানের মালামাল ও নির্মাণ সামগ্রী রেখে পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির প্রায় ৫০টি অবৈধ দোকানের অংশ ও স্থাপনা উচ্ছেদ করা হয়। দোকানের মালামাল ও নির্মাণ সামগ্রী রাস্তায় রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৭ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**
(কালাম চৌধুরী)
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩